

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ২৬৯২

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১১. তৃতীয় অনুচ্ছেদ - ইহরাম অবস্থায় যা থেকে বেঁচে থাকতে হবে

আরবী

عَنْ نَافِعٍ
أَنَّ ابْنَ عُمَرَ وَجَدَ الْقُرَّ فَقَالَ: أَلْقِ عَلَيَّ ثُوبًا نَافِعٌ فَأَلْقَيْتُ عَلَيْهِ بُرْنَسًا فَقَالَ: تُلْقِي عَلَيَّ هَذَا
وَقَدْ نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَلْبَسَهُ الْمُحْرِمُ؟ . رَوَاهُ أَبُو دَاوُدَ؟

বাংলা

২৬৯২-[১৫] নাফি' (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) শীত অনুভব করে বললেন, নাফি'! আমার গায়ে একটি কাপড় জড়িয়ে দাও। (নাফি' বলেন) আমি তাঁর গায়ের উপর একটি ওভারকোট জড়িয়ে দিলাম। তখন তিনি (ইবনু 'উমার) বললেন, আমার গায়ে ওভারকোট জড়িয়ে দিলে অথচ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুহরিমের জন্য তা নিষেধ করেছেন। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবু দাউদ ১৮২৮, আহমাদ ৪৮৫৬, ইরওয়া ১০১২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَدَّ نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَلْبَسَهُ الْمُحْرِمُ؟) “রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুহরিম ব্যক্তিকে তা পড়তে নিষেধ করেছেন”। ‘আল্লামা মুহাম্মাদ আলী কারী (রহঃ) বলেনঃ নাফি' (রহঃ) ইবনু 'উমার (রাঃ)-এর শরীরের উপর ঢিলেঢালা লম্বা পোশাক বুলিয়ে দিলেন। আমাদের মত হলো, মুহরিম ব্যক্তির জন্য সেলাই করা পোশাক পড়া অথবা তা দ্বারা শরীরের কোন অঙ্গ ঢেকে ফেলা বৈধ নয়। শুধুমাত্র অপারগ অবস্থা ছাড়া। তিনি আরো বলেন, ইবনু 'উমার (রাঃ) সাবধানতা অবলম্বনের জন্য সেলাই করা কাপড়কে মুহরিম ব্যক্তির জন্য অপছন্দ করতেন।

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57252>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন